

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১১৪

৩২/ ফারাইয (كتاب الفرائض عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মীরাছ হল ওয়ারিছানের এবং আসাবাদের উপর হল দিয়াত।

باب ما جاء أَنَّ الْأَمْوَالَ لِلْوَرَثَةِ وَالْعُقْلُ عَلَى الْعَصْبَةِ

আরবী

حَدَّثَنَا قَتِيْبٌ، حَدَّثَنَا الْلَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَضَى فِي جَنِينِ امْرَأَةٍ مِنْ بَنِي لَحْيَانَ سَقَطَ مَيِّتًا بِغُرْرَةٍ عَبْدٌ أَوْ أَمَةٌ ثُمَّ إِنَّ الْمَرْأَةَ الَّتِي قُضِيَ عَلَيْهَا بِالْغُرْرَةِ تُؤْفَيْتُ فَقَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ مِيرَاثَهَا لِبَنِيهَا وَزَوْجِهَا وَأَنَّ عَقْلَهَا عَلَى عَصَبَتِهَا . قَالَ أَبُو عِيسَى وَرَوَى يُونُسُ هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ وَأَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَهُ وَرَوَاهُ مَالِكٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَمَالِكٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلٌ .

বাংলা

২১১৪. কুতায়বা (রহঃ) আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বানু লিহইয়ানের জনেকা মহিলার গর্ভস্থ বাচ্চা (অন্য এক মহিলার আঘাতে) গর্ভপাত ঘটলে (দিয়াত হিসাবে) ”গুররা” অর্থাৎ গোলাম বা দাসী ধার্যের ফায়সালা দেন। পরে যে মহিলার জন্য গুররা ধার্যের ফায়সালা হয়েছিল সে মারা যায়। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফায়সালা দেন যে, তার মীরাছ পাবে তার পুত্র ও স্বামী আর ধার্যকৃত দিয়াত বর্তাবে তার (অপরাধী) আসাবাদের উপর। সহীহ, ইরওয়া ২২০৫, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১১১ [আল মাদানী প্রকাশনী]

ইউনুস (রহঃ) এ হাদীসটিকে যুহরী ... সাঈদ ইবন মুসায়াব ও আবু সালামা আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু-এর সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। মালিক (রহঃ) এটিকে যুহরী ... আবু সালামা ... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু-এর সূত্রে বর্ণনা করেছেন। মালিক ... যুহরী ... সাঈদ ইবন মুসায়াব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রেও এটি বর্ণিত আছে।

English

Abu Hurairah narrated that :

the Messenger of Allah(S.A.W) judged the payment of a Gurrah male or female slave in the case of a woman's fetus from Banu Libyan which miscarried. Then the woman who was required to give the Gurrah died, so the Messenger of Allah(S.A.W) judged that her inheritance be given to her children and her husband, and that her blood-money be paid by her 'Asabah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37469>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন